# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৬২

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৯. কিবলামুখী হয়ে পায়খানায় বসা

## بَابُ اسْتِقْبَالِ الْقِبْلَةِ فِي الْخَلَاءِ

আরবী

نَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَبْدِ الْعَزِيزِ ، نَا هَارُونُ بْنُ عَبْدِ اللَّهِ ، نَا عَلِيُّ بْنُ عَاصِمٍ ، عَنْ خَالِدٍ الْحَذَّاءِ ، عَنْ خَالِدِ بْنِ أَبِي الصَّلْتِ ، قَالَ : كُنْتُ عِنْدَ عُمَرَ بْنِ عَبْدِ الْعَزِيزِ فِي خِلَافَتِهِ وَعِنْدَهُ عِرَاكُ بْنُ مَالِكٍ ، فَقَالَ عُمَرُ : مَا اسْتَقْبَلْتُ الْقِبْلَةَ وَلَا اسْتَدْبَرْتُهَا بِبَوْلٍ وَلَا غَائِطٍ مُنْذُ كَذَا وَكَذَا . فَقَالَ عِرَاكٌ : حَدَّثَتْنِي عَائِشَةُ قَالَتْ : لَمَّا بَلَغَ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَوْلُ النَّاسِ فِي ذَلِكَ أَمَرَ بِمَقْعَدَتِهِ فَاسْتَقْبَلَ بِهَا الْقِبْلَةَ . هَذَا أَضْبَطُ إِسْنَادٍ ، وَزَادَ فِيهِ خَالِدَ بْنَ أَبِي الصَّلْتِ وَهُوَ الصَّوَابُ

বাংলা

১৬২(৬). আবদুল্লাহ ইবনে মুহাম্মাদ ইবনে আবদুল আযীয (রহঃ) .... খালিদ ইবনে আবুস-সালত (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি উমার ইবনে আবদুল আযীয (রহঃ) এর খেলাফতকালে তার নিকট উপস্থিত ছিলাম এবং ইরাক ইবনে মালেকও তার নিকট ছিলেন। উমার (রহঃ) বলেন, আমি এতো এতো কাল যাবৎ কিবলাকে সামনে অথবা পিছনে রেখে পায়খানা-পেশাব করিনি। ইরাক (রহঃ) বলেন, আয়েশা (রাঃ) আমার নিকট হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেন, এ ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট যখন মানুষের কথাবার্তা পৌছলো তখন তিনি তাঁর শৌচাগারের পাদানি কিবলার দিকে ঘুরিয়ে দেয়ার নির্দেশ দিলেন এবং তাই করা হলো। এই সনদ সূত্রটি অধিকতর সংরক্ষিত। খালিদ ইবনে আবুস-সালতের বর্ণনায় আরো অধিক বক্তব্য আছে এবং সেটাই সঠিক।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ খালিদ ইবনে আবুস-সালত (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79951

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন